গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-১/২০১৭/ 92 তারিখঃ-২২-০২-২০১৭খ্রিঃ

বিষয়ঃ বেসরকারি ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, মিরপুর, ঢাকায় ০৫(পাঁচ) আসন বিশিষ্ট ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (কার্ডিয়াক পারফিউশন) কোর্স চালুর অনুমোদন প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ০৯-০২-২০১৭খ্রিঃ তারিখে বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস প্রতিষ্ঠা, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বেসরকারি ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, মিরপুর, ঢাকায় ০৫(পাঁচ) আসন বিশিষ্ট ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (কার্ডিয়াক পারফিউশন) কোর্স চালুর অনুমোদনসহ নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমোদন প্রদান করা হলোঃ

১. অনুমোদন ফি হিসেবে সরকারী কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে ১-২৭০১-০০০১-২৬৮১ কোডে প্রতি কোর্সের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এককালীন জমা দিতে হবে। অনুমোদন ফি জমা দেয়ার পর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণ করতঃ শিক্ষা কার্যক্রম চালু করতে হবে;
২. অনুমতি প্রাপ্তির ১(এক) বছরের মধ্যে প্রতিষ্ঠান স্থাপন করতে ব্যর্থ হলে অনুমতি বাতিল বলে গন্য হবে;
৩. প্রতি ০২(দুই) বছর অন্তর সরকারী অনুমোদন নবায়নের জন্য নবায়নের মেয়াদ শেষ হওয়ার ৬ মাস পূর্বে কোর্স প্রতি ১০,০০০/- (দশ হাজার) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিয়ে চালানের কপিসহ আবেদন করতে হবে এবং নবায়ন পূর্বক ছাত্র/ছাত্রী ভর্তি করতে হবে। অনুমোদিত আসন সংখ্যার বেশী ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না;
৪. মন্ত্রণালয়ের অনুমতিসহ প্রতিষ্ঠানটি স্থাপন ও শিক্ষা কার্যক্রম আরম্ভ করার পর বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ/বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের অধিভুক্তি গ্রহণ করতে হবে। বিএসসি কোর্স পরিচালনার ক্ষেত্রে অবশ্যই মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি গ্রহণ করতে হবে;
৫. বেসরকারী পর্যায়ে মেডিকেল টেকনোলজী স্থাপন ও পরিচালনা নীতিমালা'র পরিপন্থি বিবেচিত হলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় যে কোন প্রতিষ্ঠানের অনুমোদন বাতিল করতে পারবে।

(বদরুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪০৬৯০

চেয়ারম্যান
বেসরকারি ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট
মিরপুর, ঢাকা।

স্মারক নং-স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-১/২০১৭/ 92/১(৬) তারিখঃ-২২-০২-২০১৭খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) ঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
২। পরিচালক (চিকিৎশা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী (৮৬ বিজয়নগর), ঢাকা-১০০০।
৪। সচিব, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল, রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড পশ্চিম বাংলা মটর, ঢাকা-১০০০।
৫। রেজিষ্ট্রার, বিএমডিসি, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী (৮৬ বিজয়নগর), ঢাকা-১০০০।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

22/02/2017
(বদরুন নাহার)
সিনিয়র সহকারী সচিব

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (চিশি) মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। যুগ্মসচিব (চিশি) মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

D:\Letter.IHT.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৭৪ তারিখঃ ২২-০২-২০১৭খ্রিঃ

বিষয়ঃ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত বেসরকারি ইউনির্ভাসিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, চিটাগাং (ইউএসটিসি) এ ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে জরিমানা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে গত ০৯-০২-২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল/হোমিওপ্যাথিক কলেজ/আইএইচটি/ম্যাটস অনুমোদন, স্থগিতাদেশ প্রত্যাহার, আসন বৃদ্ধি, নবায়ন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভায় নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

"বেসরকারি ইউনির্ভাসিটি অব সায়েন্স এন্ড টেকনোলজী, চিটাগাং (ইউএসটিসি) এর সার্বিক অবস্থা পর্যালোচনা এবং অধ্যয়নরত শিক্ষার্থীদের কথা বিবেচনা করে অনিয়মের দায়ে প্রতিষ্ঠানটিকে সর্বমোট ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইউএসটিসি কর্তৃক উক্ত ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা নন-ট্যাক্স রেভিনিউ হিসেবে ট্রেজারী চালানের মাধ্যমে ১-২৭০১-০০০১-২৬৮১ (বিবিধ রাজস্ব ও প্রাপ্তি) কোডে আগামী ০১(এক) মাসের মধ্যে সরকারি কোষাগারে জমা দিয়ে মন্ত্রণালয়কে জানাতে হবে। এছাড়া, বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা ২০১১ (সংশোধিত) এর সকল বিধি-বিধানসহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং বিএমএন্ডডিসি এর শর্তসমূহ প্রতিষ্ঠানটি প্রতিপালন করবে মর্মে মুচলেকা মন্ত্রণালয়ে জমা দিতে হবে। এর ব্যত্যয় হলে প্রতিষ্ঠানটির সকল কার্যক্রম বন্ধ করে দেয়া হবে। বর্ণিত শর্ত প্রতিপালিত হলে মন্ত্রণালয় কর্তৃক ২০১১-২০১২ শিক্ষাবর্ষের ৪১০ জন, ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে ৪১৪ জন ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের ২৮০ জন, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের ৯০ জন এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ১৫০ জন শিক্ষার্থীদের ভর্তির ভূতাপেক্ষ অনুমোদনের বিষয়টি বিবেচনা করা হবে।

০২। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক মন্ত্রণালয়কে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২/০২/২০১৭
(বদরুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪০৬৯০

উপাচার্য
বেসরকারি ইউনির্ভাসিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, চিটাগাং (ইউএসটিসি),
চট্টগ্রাম।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যঃ
১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। রেজিস্ট্রার, বিএমএন্ডডিসি, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী (৮৬ বিজয়নগর), ঢাকা-১০০০।
৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬। ডীন (ফ্যাকাল্টি অব মেডিসিন), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৭। রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৮। কলেজ পরিদর্শক, কলেজ পরিদর্শকের কার্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০। রেজিস্টার, বেসরকারি ইউনির্ভাসিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, চিটাগাং (ইউএসটিসি), চট্টগ্রাম।
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১১। অতিরিক্ত-সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

D:\Letter MCH New.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-স্বাপকম/চিশি-২/শিছু-০৯/২০১২ (অংশ)/৭৫ তারিখঃ- ১৩-০২-২০১৭খ্রিঃ

বিষয়ঃ ছুটি না মঞ্জুর সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নিম্নোক্ত চিকিৎসকের নামের পার্শ্বে বর্ণিত কারণে তাঁর শিক্ষাছুটি নির্দেশক্রমে না মঞ্জুর করা হলোঃ-

১।	ডাঃ মোঃ শহীদুল ইসলাম তরফদার, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), ঝিকরগাছা, যশোর।	কোন চিকিৎসকের বয়স ৫০ বছর পূর্ণ হলে প্রেষণ নীতিমালা-২০১৩ এর ৩(ঞ) ধারা অনুসারে প্রেষণ ও শিক্ষাছুটি মঞ্জুরের সুযোগ না থাকায় শিক্ষাছুটি না মঞ্জুর করা হলো।

১৩/০২/২০১৭

(বদরুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫৬৬৯০
ই-মেইল ঃ sasme2@mohfw.gov.bd

বিতরণঃ

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
০২। ডাঃ মোঃ শহীদুল ইসলাম তরফদার, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), ঝিকরগাছা, যশোর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

০১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০২। অতিরিক্ত সচিব (চিশি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৩। যুগ্ম-সচিব (চিশি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৭৬ তারিখঃ ২২-০২-২০১৭খ্রিঃ

বিষয়ঃ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি স্থগিতকৃত মেডিকেল কলেজসমূহ সরেজমিনে পরিদর্শনের বিষয়ে মাননীয় মন্ত্রীর নেতৃত্বে কমিটি গঠন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে গত ০৯-০২-২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল/হোমিওপ্যাথিক কলেজ/আইএইচটি/ম্যাটস অনুমোদন, স্থগিতাদেশ প্রত্যাহার, আসন বৃদ্ধি, নবায়ন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক যে ০৪ (চার) টি বেসরকারি মেডিকেল কলেজে (সিটি মেডিকেল কলেজ, গাজীপুর; আশিয়ান মেডিকেল কলেজ, ঢাকা; নাইটিংগেল মেডিকেল কলেজ, ঢাকা ও নর্দাণ মেডিকেল কলেজ, রংপুর) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি স্থগিত রাখা হয়েছে; সে সকল বেসরকারি মেডিকেল কলেজ সরেজমিনে পরিদর্শনের লক্ষ্যে মাননীয় মন্ত্রী মহোদয়ের নেতৃত্বে নিম্নোক্ত ০৪(চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি নির্দেশক্রমে গঠন করা হলোঃ

(ক) মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
(খ) অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
(গ) বিএমএন্ডডিসি'র প্রতিনিধি।
(ঘ) পরিচালক (চিশিজ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

মাননীয় মন্ত্রীর নেতৃত্বে অত্র কমিটি কলেজসমূহ পরিদর্শন করবেন এবং বাস্তবতা যাচাই করে পরবর্তী ব্যবস্থা গ্রহনের বিষয়ে নির্দেশনা প্রদান করবেন।

22.02.2017

(বদরুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪০৬৯০

বিতরণঃ
(ক) অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
(খ) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
(গ) সভাপতি, বিএমএন্ডডিসি, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী (৮৬ বিজয়নগর), ঢাকা-১০০০।
(ঘ) পরিচালক (চিশিজ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যঃ
১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। অতিরিক্ত-সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

D:\Letter MCH New.doc